সিন্ডিকেটের (০৩-৩-২০২৪) কার্যবিবরণীর অংশ

**Electronic Government Procurement (EGP) পদ্ধতি চালু ও**
**কর্মপদ্ধতি নির্ধারণের জন্য গঠিত কমিটির সুপারিশ**

২(৪)। ফাইন্যান্স কমিটির (৩০-১০-২০২৩) সুপারিশ অনুযায়ী সিন্ডিকেট (৩১-১০-২০২৩) সিদ্ধান্ত মোতাবেক ঢাকা বিশ্ববিদ্যালয় Electronic Government Procurement (EGP) পদ্ধতি চালু ও বাস্তবায়নের লক্ষ্যে কর্মপদ্ধতি নির্ধারণের জন্য গঠিত কমিটির (২০-১২-২০২৩) সুপারিশ অনুমোদনের বিষয় আলোচনা করা হয়।

উল্লেখ্য, পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮-এ ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি)-তে দরপত্র সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। এছাড়াও উন্নয়ন প্রকল্পের ক্রয়কার্য সম্পাদনে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রশাসনিক আদেশ অনুযায়ী ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি)-তে করার বাধ্যবাধকতা আছে। তদানুযায়ী প্রস্তাবিত সকল প্রকল্প প্রস্তাবনা (ডিপিপি)-তে যাবতীয় ক্রয় কার্য EGPতে সম্পাদনের প্রস্তাব করা হচ্ছে। প্রকৌশল দপ্তর কর্তৃক ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থ বছরে অদ্যাবধি ক্রয় পদ্ধতি পর্যালোচনায় দেখা যায় যে, আরএফকিউ পদ্ধতিতে ০৩টি, ওটিএম পদ্ধতিতে ১১টি ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি)-তে দরপত্র নিষ্পত্তি করা হয়েছে। সার্বিক বিষয়সমূহ পর্যালোচনান্তে এটা প্রতীয়মান যে ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি)-তে দরপত্র নিষ্পন্ন করার বাধ্যবাধকতা যেমন রয়েছে তেমনি প্রকৌশল দপ্তর এবং প্রকল্প পরিচালকের এতদবিষয়ে সক্ষমতা রয়েছে। কমিটির (২০-১২-২০২৩) নিম্নোক্ত সুপারিশ অনুমোদন করা হলো:

সিদ্ধান্তঃ ফাইন্যান্স কমিটির (২৮-০২-২০২৪) সুপারিশ অনুযায়ী ১। প্রাথমিক পর্যায়ে প্রকৌশল দপ্তর থেকে ১০.০০ (দশ) লক্ষ টাকা হতে তদুর্ধ্ব মূল্যের সকল ক্রয়কার্য ইজিপি-তে সম্পন্ন করার সুপারিশ করা হলো।

২। আগামী ২০২৪-২০২৫ অর্থ বছর থেকে প্রকৌশল দপ্তরের সকল ক্রয়কার্য ইজিপি-তে প্রক্রিয়াকরণের সুপারিশ করা হলো।

৩। টিইসির আহবায়ক ও ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) দপ্তরে ই-জিপি নথি প্রক্রিয়াকরণের জন্য দক্ষ জনবলকে দায়িত্ব প্রদান করার সুপারিশ করা হলো। ক্রয়কারীগণের সুনির্দিষ্ট তালিকা প্রনয়ণ করতে হবে।

৪। ডোমেইন এ্যাকাউন্টে ইমেইল আইডি প্রাপ্তি সহজীকরণ করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদানের সুপারিশ করা হলো।

৫। পর্যায়ক্রমে বিশ্ববিদ্যালয়ের সকল ক্রয়কারীকে ইজিপি-তে প্রশিক্ষিত করার সুপারিশ করা হলো।

৬। ২০২৫ সালের ১লা জানুয়ারি থেকে বিশ্ববিদ্যালয়ের সকল ক্রয় প্রক্রিয়া ইজিপি-তে সম্পন্ন করার সুপারিশ করা হলো।

স্মারক নং রেজিঃ/প্রশা-৫/ ৮৯১৫—১৭ তারিখ :---৫/৩/-------২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নোক্তদের নিকট অনুলিপি প্রেরিত হলো :

(১) পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন অফিস, ঢাঃ বিঃ ফাইল সহ পাঠানো হইল
(২) প্রধান প্রকৌশলী, ঢাঃ বিঃ
(৩) হিসাব পরিচালক, ঢাঃ বিঃ

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-৫)
ঢাকা বিশ্ববিদ্যালয়

05 MAR 2024

অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):